# ALL INDIA RADIO, SILCHAR

*****************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 20-04-2024

***Time: 19:45-19:55 Hrs***

**---------------------------------------**

১) আসাম মাধ্যমিক শিক্ষা পর্ষদের অধীনে অনুষ্ঠিত হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষার ফল ঘোষণা । উত্তীর্ণের হার ৭৫ দশমিক ৭ শতাংশ ।

২) লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ের ভোট গ্রহণের পরিপ্রেক্ষিতে রাজ্যের রাজনৈতিক দলগুলির ব্যাপক প্রচারাভিযান অব্যাহত । আগামীকাল বি জে পির প্রবীন নেতা অমিত শাহর শিলচরে রোড-শোতে অংশ গ্রহণ ।

৩) মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার আজ বরাক উপত্যকার বেশ কয়েকটি স্থানে নির্বাচনী প্রচার সভায় অংশ গ্রহণ ।

এবং

৪) আগামী ২৬ এপ্রিল শিলচর লোকসভা আসনে অবাধ , সুষ্ঠ ও শান্তিপূর্ণ নির্বাচন সুনিশ্চিত করতে ওই দিন ভারতীয় ফৌজদারী কার্য বিধির ১৪৪ ধারা বলবৎ ।

---------------------------------------------------------------------------

আসাম মাধ্যমিক শিক্ষা পর্ষদের অধীনে অনুষ্ঠিত হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষার ফল আজ ঘোষণা করা হয়েছে । এবারের পরীক্ষায় মোট ৪ লক্ষ ১৯ হাজার ৭৮ জন পরীক্ষার্থী অবতীর্ণ হয়েছিল । এর মধ্যে ৩ লক্ষ ১৭ হাজার ৩শো ১৭

জন উত্তীর্ণ হয়েছে । ঘোষিত ফলাফল অনুসারে ১ লক্ষ ৫ হাজার ৮শো ৮৩ জন প্রথম বিভাগে , ১ লক্ষ ৫০ হাজার ৭শো ৬৪ জন দ্বিতীয় বিভাগে এবং ৬০হাজার ৬শো ৮০ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে । সামগ্রিক ভাবে উত্তীর্ণের হার হচ্ছে ৭৫ দশমিক ৭ শতাংশ ।

এই ফলাফল অনুসারে যোরহাটের প্রজ্ঞা একাডেমী সিনিয়র সেকেন্ডারী স্কুলের অনুরাগ দলৈ ৫শো ৯৩ নম্বর লাভ করে রাজ্যে প্রথম স্থান অধিকার করেছে । অনুরূপভাবে , বিশ্বনাথ চারিয়ালির শংকরদেব শিশু বিদ্যা নিকেতনের ঝর্ণা শইকীয়া ৫শো ৯০ নম্বর লাভ করে দ্বিতীয় এবং মাজুলীর আইল্যান্ড একাডেমীর মানস প্রতীম শইকীয়া ৫শো ৮৮ , বরপেটার ষ্টেলা মেরী স্কুলের বেদান্ত চৌধুরী ৫শো ৮৮ এবং নগাওয়ের রামানুজ সিনিওর সেকেন্ডারী স্কুলের দেবশ্রী কাশ্যপ ৫শো ৮৮ নম্বর পেয়ে তৃতীয় স্থান অধিকার করেছে ।

---

বরাক উপত্যাকার তিন জেলায় হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষার ঘোষিত ফলাফল অনুযায়ী কাছাড় জেলায় মোট ২৪ হাজার ২৫৮ জন শীক্ষার্থী অবতীর্ণ হয়েছিল এর মধ্যে উত্তীর্ণ হয়েছে মোট ১৫ হাজার ৩২৯ জন । প্রথম বিভাগে ৪ হাজার ৫৬০ জন , দ্বিতীয় বিভাগে ৬ হাজার ৯৭১ জন , তৃতীয় বিভাগে ৩ হাজার ৭৯৮ জন উত্তীর্ণ হয়েছে । পাশের হার ৬৩ দশমিক ১ শতাংশ ।
করিমগঞ্জ জেলায় মোট ১৬ হাজার ৪৬৮ জন পরীক্ষায় অবতীর্ণ হয়েছিল এর মধ্যে ১১ হাজার ২৬৬ জন উত্তীর্ণ হয়েছে । প্রথম বিভাগে ৩ হাজার ৩৪৭ জন , দ্বিতীয় বিভাগে ৫ হাজার ১০৪ জন এবং তৃতীয় বিভাগে ২ হাজার ৮১৫ জন উত্তীর্ণ হয়েছে । পাশের হার ৬৮ দশমিক ৪ শতাংশ ।
হাইলাকান্দি জেলায় মোট ৯ হাজার ৪৪৮ জন পরীক্ষায় অবতীর্ণ হয়েছিল । এর মধ্যে ৭ হাজার ৩৬২ জন উত্তীর্ণ । প্রথম বিভাগে ২ হাজার ৮৬১ জন , দ্বিতীয় বিভাগে ৩ হাজার ৫৫৩ জন এবং তৃতীয় বিভাগে ৯৪৮ জন ।পাশের হার ৭৭ দশমিক ৯ শতাংশ ।

---

লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ের ভোটগ্রহণের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে রাজনৈতিক দলগুলির মধ্যে ব্যাপক তৎপরতা অব্যাহত রয়েছে ।দ্বিতীয়

পর্যায়ে আগামী ২৬ শে এপ্রিল রাজ্যের শিলচর , করিমগঞ্জ লোকসভা আসন সহ দরং-ওদালগুরি , ডিফু ও নগাঁও এই পাঁচটি লোকসভা আসনের জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে ।রাজনৈতিক দল সমুহ নিজ নিজ দলের প্রার্থীর সমর্থনে বিভিন্ন স্থানে প্রচার অব্যাহত রেখেছে । বিজেপির প্রবীণ নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ নির্বাচনী প্রচারে অংশগ্রহণ করতে আগামীকাল শিলচর আসছেন । শ্রী শাহ আগামীকাল দলীয় প্রার্থী পরিমল শুক্লবৈদ্যের পক্ষে প্রচার চালাতে শিলচরে একটি রোড শোতে অংশ গ্রহণ করবেন । শিলচর জেলা ক্রীড়া সংস্থার মাঠ থেকে আগামীকাল তিনি এই রোড শো আরম্ভ করবেন ।এদিকে এই রোড শো সফল করে তুলতে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ কাছাড় জেলা বিজেপি কর্মকর্তাদের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়েছেন ।

অনুরূপভাবে কংগ্রেস দলও প্রতিটি লোকসভা আসনের জন্য প্রচার অব্যাহত রেখেছে এবং দলের শীর্ষ নেতারা খুব শীঘ্র প্রচারে অংশগ্রহণ করতে রাজ্যে আসার কথা রয়েছে ।আগামীকাল কংগ্রেস দলের জাতীয় সভাপতি মল্লিকার্জুন খার্গের শিলচরে দলীয় প্রার্থীর হয়ে প্রচারে অংশগ্রহণ করার কথা ছিল তবে প্রতিকুল আবহাওয়ার জন্য এই কার্যসূচী বাতিল করা হয় ।

---------------------------------------------------------------------------

এদিকে প্রবীণ বিজেপি নেতা তথা রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ ভারতীয় জনতা পার্টীর মনোনীত প্রার্থী শিলচর আসনে পরিমল শুক্লবৈদ্য ও করিমগঞ্জ আসনে কৃপানাথ মালহার হয়ে বরখলা , ধলাই , করিমগঞ্জ , হাইলাকান্দি সহ বরাক উপত্যাকার বিভিন্ন স্থানে নির্বাচনী সভা সহ রোড শোয়ে অংশগ্রহণ করেন ।করিমগঞ্জ জেলার মালুয়ায় এক নির্বাচনী জনসভায় অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী বলেন যে করিমগঞ্জ আসনে বিজেপি প্রার্থী জয়ী হলে বরাক উপত্যাকার যোগাযোগ ব্যবস্থা উন্নত করার জন্য ২০২৬ সালের মধ্যে জাতীয় সড়কের নির্মান কাজ সম্পূর্ণ করা সহ পাঁচগ্রাম কাগজ কলের স্থানে নতুন শিল্প গড়ে তোলা হবে ।এছাড়া সচিবালয়ের কাজে উপত্যাকার মানুষকে আর গুয়াআটী যেতে হবেনা বলেও মুখ্যমন্ত্রী মন্তব্য করেন ।

এদিকে রাজ্যের জল সম্পদ মন্ত্রী পীযুষ হাজারিকা মরিগাঁও জেলার মিকিরভেটায় এক নির্বাচনী সভায় অংশগ্রহণ করেন ।সভায় মন্ত্রী শ্রী হাজারিকা

বিজেপি দলের নির্বাচনী সংকল্পগউলো জনসাধারণকে অবগত করান ।অন্যদিকে নগাঁও  আসনের কংগ্রেস প্রার্থী প্রদ্যুৎ বরদলৈ রহা বিধানসভা কেন্দ্রের কচুয়া তিনিআলিতে অনুষ্ঠিত এক নির্বাচনী সভায় অংশ নিয়ে বিরোধি পক্ষের সমালোচনা করে জনসাধারণকে বিবেকের দ্বারা পরিচালিত হয়ে ভোটদান করার আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------

এস ইউ সি আই ( কমিউনিষ্ট ) দলের শিলচর লোকসভা আসনের প্রার্থী প্রভাস চন্দ্র সরকারের সমর্থনে আজ নিউ বাগবাহার , ধোয়ারবন্দ ও ঘনিয়ালায় পৃথক পৃথক নির্বাচনী সভা অনুষ্ঠিত হয় । এতে দলের রাজ্য কমিটির অন্যতম সদস্য ময়ূখ ভট্টাচার্য , জেলা সম্পাদক ভবতোষ চক্রবর্তী , জেলা কমিটির সদস্য অজয় রায় , পরিতোষ ভট্টাচার্য এবং প্রার্থী প্রভাষ চন্দ্র সরকার প্রমুখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------

প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচন গতকাল দু-একটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া প্রায় শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে । এই পর্যায়ে ২১টি রাজ্য এবং কেন্দ্রীয় শাসিত অঞ্চলের ১শো ২০টি আসনে অনুষ্ঠিত ভোট গ্রহণ পর্বে  সামগ্রিকভাবে ৬৮ শতাংশের অধিক ভোটদান হয়েছে । নির্বাচন কমিশনের তথ্য অনুসারে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্য গুলির মধ্যে আসামে ৭৫ দশমিক ৯ - ৫ , মনিপুরে ৭২ দশমিক ১ - ৭ , অরুণাচল প্রদেশে ৭২ দশমিক ৭ - ৪ , মেঘালয়ে ৭৪ দশমিক ৫ - ০ , মিজোরামে ৫৬ দশমিক ৬ - ০ , নাগাল্যান্ডে ৫৬ দশমিক ৯ - ১ , ত্রিপুরায় ৮১ দশমিক ৬ - ২ এবং সিকিমে ৮০ দশমিক ০ - ৩ শতাংশ ভোটদান হয়েছে ।  এই পর্যায়ে মোট ১ হাজার ৬শো ২৫ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য গতকাল নির্ধারিত হয়েছে ।  এদের মধ্যে বি জে পির প্রবীন নেতা তথা রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী সর্বানন্দ সনোয়াল , কিরেন রিজিজু , কংগ্রেস নেতা গৌরব গগৈ প্রমুখ রয়েছেন ।

লোকসভা নির্বাচনের সঙ্গে সমান্তরালভাবে অরুণাচল প্রদেশ এবং সিকিমে গতকাল একই পর্যায়ে বিধানসভা নির্বাচনের জন্যও ভোট গ্রহণ করা হয়েছে । নির্বাচন কমিশনের তথ্য অনুসারে অরুণাচল প্রদেশ বিধানসভা নির্বাচনে

গতকাল ৭৬ দশমিক ৪-৪ শতাংশ এবং সিকিমে ৭৯ দশমিক ৮ - ৬ শতাংশ ভোট - প্রথম পর্যায় ভোটদান সম্পন্ন হয়েছে ।

আসামে গতকালের প্রথম পর্যায়ে শোনিতপুর লোকসভা আসনে ৭৪ দশমিক ১ - ৮ শতাংশ , কাজিরাঙ্গা আসনে ৭৫ দশমিক ৭ - ৯ শতাংশ , ডিব্রুগড় আসনে ৭৬ দশমিক ৭ - ৪ শতাংশ , লখিমপুর আসনে ৭২ দশমিক ৬ - ৫ শতাংশ এবং যোরহাট লোকসভা আসনে ৭৯ দশমিক ৪ - ৮ শতাংশ ভোটদান হয়েছে ।

---

শিলচর লোকসভা আসনে ভোট গ্রহণের পরিপ্রেক্ষিতে অসামাজিক কার্যকলাপ প্রতিহত করে অবাধ , সুষ্ঠ ও শান্তিপূর্ণ নির্বাচন সুনিশ্চিত করর লক্ষ্যে কাছাড়ের জেলা মেজিষ্ট্রেট রোহণ কুমার ঝা ভারতীয় ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারা বলবৎ করেছেন । এই আদেশে বলা হয়েছে যে আগামী ২৬ এপ্রিল ভোট গ্রহণের দিন থেকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত দ্বিচক্রযানে , মহিলা , বয়স্ক ব্যাক্তি এবং ১২ বছরের নীচের শিশু ছাড়া চালকের পেছনে কাউকে আরোহী করা যাবে না । ভোট গ্রহণের দিন ভোট কেন্দ্রের নিকটবর্তী এলাকায় কোন দলবদ্ধ মানুষ , সংগঠন , ক্লাব অথবা সমিতির সদস্য বা অন্য কোন ব্যাক্তি যার নাম ওই ভোট কেন্দ্রের তালিকায় নেই তিনি পায়ে হেটে , দ্বিচক্রযানে , তিন অথবা চার চাকার বাহণে চলাচল করতে পারবেন না । ভোট গ্রহণের দিন লাউড স্পিকার এবং টেপ রেকর্ডার ব্যবহার করার ক্ষেত্রেও নিষেধাজ্ঞা জারী করা হয়েছে ।

---

নির্বাচন চলাকালীন কোন ভোট দাতাকে নগদ অর্থ বা সামগ্রী দ্বারা প্রভাবিত করা অথবা কোন প্রার্থী , ভোটদাতা বা নাগরিককে ভয়-ভীতি প্রদর্শন করা ভারতীয় দান্ডবিধি অনুসারে শাস্তিযোগ্য অপারাধ । এ ক্ষেত্রে এক বছর পর্যন্ত জেল বা জরিমানা অথবা দুটোই ধার্য হতে পারে । এ ধরণের অবৈধ কার্যকলাপ প্রতিহত করার জন্য ফ্লাইং স্কোয়াড বা টহলদারী পুলিশ বাহিনী গঠন করা হয়েছে । যদি কোন ব্যাক্তি উৎকোচ প্রদান বা গ্রহণের মত অবৈধ কার্যকলাপের খবর পেয়ে থাকেন তবে দিবারাত্রি সক্রিয় থাকা জেলার অভিযোগ

তদারকি সেলের ০৩৮৪২-২৬১০০৬ অথবা হোয়াটস-অ্যাপ নম্বর ৭০০২৮৩২৮৯৮ এ জানাতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------

আগামী ২৬ এপ্রিল শিলচর সংসদীয় আসনে ভোট গ্রহণ উপলক্ষে আগামী ২৪ ও ২৫ এপ্রিল শিলচর রামনগরের আই-এস-টি-টি থেকে ভোটের সামগ্রী প্রদান করা হবে । লক্ষীপুর , কাটিগড়া এবং ধলাই বিধানসভা এলাকার ভোটের সামগ্রী বিতরণের জন্য নিযুক্তিপ্রাপ্ত প্রিসাইডিং অফিসার ও সহকর্মীদের ২৪ এপ্রিল সকাল সাড়ে ৬টায় এবং শিলচর , সোনাই , উধারবন্দ এবং বরখলা বিধানসভার জন্য নিযুক্তিপ্রাপ্ত প্রিসাইডিং অফিসার ও সহকর্মীদের ২৫ এপ্রিল সকাল সাড়ে ৬টায় আই-এস-টি-টিতে উপস্থিত হয়ে ভোটের সামগ্রী গ্রহণ করতে বলা হয়েছে । এ উপলক্ষ্যে ভোট কর্মীদের যাতায়াতের জন্য ২৪ ও ২৫ এপ্রিল ডাক বাংলো , ডি সি অফিস কেম্পাস থেকে সাকাল ৫টা থেকে বাস সেবা চালু থাকবে ।

---------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের এস ভিইইপি সেলের উদ্যোগে আজ লক্ষীপুর বিধানসভা কেন্দ্রের পয়লাপুল বাজারে ভোটার সচেতনতা শোভাযাত্রা ও পথনাটিকার আয়োজন করা হয় ।এতে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নির্বাচন কমিশন মনোনীত রাজ্য আইকন প্যারা সাইক্লিষ্ট রাকেশ বণিক ।এতে লক্ষীপুর , রাজাবাজার , বাঁশকান্দি , বিন্নাকান্দি অঞ্চলের অঙ্গনওয়াড়ি কর্মী ও বিভিন্ন আত্মসহায়ক গোষ্ঠির প্রতিনিধিরা অংশগ্রহণ করেন ।পতাকা নেড়ে শোভাযাত্রার সূচনা করেন জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে ।পরে পয়লাপুল নেহেরু কলেজে এক সচেতনতা সভাও অনুষ্ঠিত হয় ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ লোকসভা আসনের অধীন হাইলাকান্দি জেলার ৬০২ টি ভোট কেন্দ্রে আগামী ২৬ শে এপ্রিল দ্বিতীয় পর্যায়ের নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে ।জেলায় এবারে প্রায় সাড়ে ৫ লক্ষ ভোটদাতা নিজেদের গণতান্ত্রিক অধিকার সাব্যস্ত করবেন ।এদিকে জেলায় ভোটার সচেতনতার মাধ্যমে ভোট দানের হার বৃদ্ধি করতে আজ নির্বাচন কমিশনের রাজ্য আইকন প্যারাসাইক্লিষ্ট

রাকেশ বনিক হাইলাকান্দি এসে পৌচেছেন ।তিনি হাইলাকান্দি শহরে আয়োজিত এক সাইকেল র‍্যালিতে অংশগ্রহণ করা সহ এস এস কলেজে একটি ভোটার সচেতনতা সভায় অংশগ্রহণ করেন ।প্যারা সাইক্লিষ্ট শ্রী বনিক নতুন ভোটারদের সঙ্গ মত বিনিময় করা সব ছাত্রছাত্রীদের ভোটদান সম্পর্কে শপথ বাক্য পাঠ করান ।

--------------------------------------------------------------------------------